দৈনিক ইনকিলাব

392

তারিখ ... APR 1 4 1999

পৃষ্ঠা ১১ কলাম ৩

## ঢাঃ বিঃ সিনেট নির্বাচন

# প্রগতিশীলদের মনোনয়ন বোর্ড ঘোষণা

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের ২৫ জন প্রতিনিধি নির্বাচনকে সামনে রেখে প্রগতিশীল রেজিস্টার্ড গ্র্যাজুয়েটবৃন্দ কয়েকটি সভায় মিলিত হন। সভায় গ্র্যাজুয়েটবৃন্দ একমত হন যে, ১৯৭২ সালের সংবিধানের মূল নীতিতে (গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও জাতীয়তাবাদ) বিশ্বাসী, সুস্থ শিক্ষার পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সন্ত্রাস ও দুর্নীতিমুক্ত বিশ্ববিদ্যালয় গড়ার প্রত্যয়ে, দলীয় লেজুড়বৃত্তিমুক্ত প্রগতিশীল শিক্ষানুরাগীদেরকে আসন্ন সিনেট নির্বাচনে নির্বাচিত করা আজ সময়ের দাবী। সভাসমূহে আসন্ন সিনেট নির্বাচনকে কেন্দ্র করে উক্ত লক্ষ্যে বিশ্বাসীদের সংগঠিত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সিনেটে ২৫ জন প্রার্থী তালিকা চূড়ান্ত করবার জন্য সর্বসম্মতিক্রমে একটি মনোনয়ন বোর্ড গঠন করা হয়। মনোনয়ন বোর্ডের সদস্যবৃন্দ হচ্ছেন প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী, প্রফেসর কে এ এম সা'দউদ্দীন, ডঃ এম এম আকাশ, এডভোকেট গোলাম আরিফ টিপু, ডাঃ শিশির কুমার মজুমদার, অধ্যাপিকা এ এন রাশেদা ও জনাব নাজমুল হক প্রধান। মনোনয়ন বোর্ডে আরো সদস্য অন্তর্ভুক্ত করা হবে।

সিনেট নির্বাচনে আগ্রহী প্রার্থী ও প্রস্তাবকদেরকে আবেদনপত্র আগামী ১৯ এপ্রিলের মধ্যে মনোনয়ন বোর্ডের সমন্বয়কারী অধ্যাপিকা এ এন রাশেদার (যথা শব্দ কম্পিউটারস, ১২৪/এ, আজিজ সুপার মার্কেট, দোতলা লিফটের পাশে, শাহবাগ, ঢাকা) নিকট পৌঁছানোর অনুরোধ জানানো হয়েছে।

আজ (রবিবার) সন্ধ্যা ৭টায় মনোনয়ন বোর্ডের প্রথম সভা ও প্রগতিশীল রেজিস্টার্ড গ্র্যাজুয়েটবৃন্দের কর্মী সভা ১২৪/এ, আজিজ সুপার মার্কেটে অনুষ্ঠিত হবে।